গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.fisheries.gov.bd

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প (SCMFP) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের Exit plan বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি: ড. মোঃ আবদুর রউফ, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।
সভার তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান: সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, ঢাকা ।

উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য বাস্তবায়ন শাখার উপপরিচালকে অনুরোধ করেন।

২.০। উপস্থাপনা।

২.১। সভাপতির অনুমেতিক্রমে সভায় উপপরিচালকে জানান যে, মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট (SCMFP) (২য় সংশোধিত)" এর Exit plan বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করেছে। সে প্রেক্ষিতে এ বিষয়ে উপস্থাপনা করার জন্য সাবেক উপপ্রকল্প পরিচালক জনাব মনিষ কুমার মন্ডলকে অনুরোধ করেন। প্রকল্পের উপপ্রকল্প পরিচালক প্রকল্পের Exit plan বাস্তবায়ন সম্পর্কে একটি উপস্থাপনা তুলে ধরেন।

৩.০। আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | Marine fisheries survey (Fishery independent) and stock assessment | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরিপ) জানান, এ বিষয়ে একটি প্রকল্প ইতোমধ্যে সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে এবং ল্যান্ড বেইজড সার্ভে পরিচালনা কার্যক্রম করার জন্য FAO এর কাছে ০১ (এক) কোটি টাকার প্রকল্প জমা দেয়া হয়েছে। সভাপতি সভাকে জানান যে, আমাদের জরিপ জাহাজ আর ভি মীন সন্ধ্যানী জাহাজ টিএন্ডওই ভুক্ত করা হয়েছে। সে ক্ষেত্রে রাজস্ব খাত হতে জাহাজটি পরিচালনার ক্ষেত্রে চাহিদা প্রদান করা যেতে পারে। | ক) আর ভি মীন সন্ধ্যানীর জন্য প্রস্তুতকৃত প্রকল্পটি দ্রুত অনুমোদন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) FAO হতে অর্থ প্রাপ্তির জন্য সহকারী পরিচালক মো: সামছু উদ্দিন যোগাযোগ করবে।<br><br>গ) আগামী বছর হতে আর ভি মীন সন্ধানী জাহাজের জন্য পরিচালন বাজেটে বরাদ্দের সংস্থান করবে । | পরিকল্পনা/ বাজের্ট/ অর্থ শাখা |
| ৩.২ | Land based Catch & Effort Data Collection and stock assessment | | | |

CamScanner

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৩ | Operation of FMC (JMC, VMS, MCS) | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের মাধ্যমে ০৫ টি বাণিজ্যিক জাহাজে ভিএমএস সফটওয়্যার ভাড়া করে ট্রাকিং কার্যক্রমের পাইলটিং সফলভাবে সম্পন্ন হয়েছে। প্রকল্প সমাপ্ত হওয়ায় এখন আর ট্রাকিং করা সম্ভব হচ্ছে না। সফটওয়্যারটির বাৎসরিক ভাড়া বাবদ প্রায় ২.০ কোটি টাকা প্রয়োজন এবং এই ভাড়া সংশ্লিষ্ট জাহাজ মালিকগণের কাছ থেকে নেওয়া যেতে পারে। এ বিষয়ে পরিচালক (সামুদ্রিক) জানান, আইন অনুযায়ী জাহাজ মালিকগণ সংযোগের জন্য যন্ত্রপাতি ও বাৎসরিক ফি প্রদান করবে এবং মৎস্য অধিদপ্তর সফটওয়্যারটি নিয়ন্ত্রণসহ সংরক্ষণ করবে। সভাপতি জানান, সংশ্লিষ্ট মালিকগণের কাছ থেকে সফটওয়্যারের ভাড়া আদায় করতে হলে আগে স্টেকহোল্ডার কর্মশালা করে তাদের মতামতের ভিত্তিতে একটি নীতিমালা প্রস্তুত করতে হবে। | ক) বাণিজ্যিক জাহাজে ভিএমএস সফটওয়্যার ভাড়া বিষয়ে একটি ব্যয় প্রাক্কলন প্রস্তুত করতে হবে।<br><br>খ) এ বিষয়ে একটি স্টেকহোল্ডার কর্মশালার আয়োজন করতে হবে। | সামুদ্রিক শাখা |
| ৩.৪ | Bangladesh Marine Fisheries Management Plan (FMP) Part 1: Industrial, FMP Part 2: Artisanal, FMP Part 3: MCS | পরিচালক (ব্লু ইকোনমি) জানান, ০৩টি ম্যানেজম্যান্ট প্ল্যান বাস্তবায়ন চলমান রয়েছে। পরিচালক (সামুদ্রিক) জানান, ০৩ টি মেরিন ফিশারিজ ম্যানেজম্যান্ট প্ল্যানের মধ্যে প্ল্যান -১ এর মেয়াদ শেষ হয়েছে এবং নতুন আইন ও বিধির প্রেক্ষিতে হালনাগাদ করা প্রয়োজন। | ক) নিয়মিত বাজেটের মধ্যে থেকেই ০৩ টি মেরিন ফিশারিজ ম্যানেজম্যান্ট প্ল্যান বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে;<br><br>খ) ০৩ টি ফিশারিজ ম্যানেজম্যান্ট প্ল্যান হালনাগাদের উদ্যোগ গ্রহন করতে হবে। | সামুদ্রিক শাখা |

CamScanner

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৫ | Marine Fisheries Surveillance Check Posts (5), Pontoons (6) and Patrol Vessels (6) | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের ০৫ টি সার্ভেল্যান্স চেকপোষ্ট, ০৬ টি পন্টুন নির্মাণ ও ০৬ টি প্যাট্রল বোট ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে হস্তান্তর করা হয়েছে এবং এগুলো চলমান রাখার জন্য জরুরিভিত্তিতে জনবল পদায়ন করা প্রয়োজন। এ বিষয়ে উপপরিচালক (প্রশাসন) বলেন, সংশ্লিষ্ট অবকাঠামোর জন্য প্রস্তাবিত অর্গানোগ্রামে জনবলের সংস্থান রাখা হয়েছে। সহকারী পরিচালক (প্রশাসন-২) বলেন উল্লিখিত অবকাঠামোর জন্য আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলার মৎস্য কর্মকর্তাগণ জানান, জরুরি ভিত্তিতে জনবল পদায়ন না করা হলে অবকাঠামোগুলো রক্ষনাবেক্ষণ করা দুরূহ হবে। | ক) আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের জন্য প্রস্তাব দ্রুত অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) সংশ্লিষ্ট জেলাগুলোতে শ্রমিক মজুরি খাতে বরাদ্দ প্রদান করতে হবে। | প্রশাসন/বাজেট ও অর্থ শাখা |
| ৩.৬ | On-board Observers | সাবেক উপপ্রকল্প পরিচালক (প্রশাসন) জানান যে, প্রকল্পের মাধ্যমে ৫০ জন অনবোর্ড অবজার্ভার নিয়োগ করে কার্যক্রম পরিচালিত করার মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা হয়েছে। তিনি আরো জানান, আইন অনুযায়ী অনর্বোড অবজার্ভার রাখার বিধান থাকায় অর্গানোগ্রামে অনবোর্ড অবজার্ভার পদের প্রস্তাব করা যেতে পারে। | অর্গানোগ্রামে ৫০ জন অনবোর্ড অবজার্ভার পদের জন্য প্রস্তাব প্রদান করতে হবে। | প্রশাসন / সামুদ্রিক শাখা |
| ৩.৭ | Fisherman Registration and ID Card Database, Catch & Effort Monitoring System, and Online Registration & Licensing System, Fishing Vessel and Gear Database, E-traceability and Farm Registration Software, Marine Spatial Planning (MSP) | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের আওতায় ০৬ টি সফটওয়্যার প্রস্তুতপূর্বক মৎস্য অধিদপ্তরের হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে আইসিটি শাখা হতে জানানো হয়, সফটওয়্যারগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ SSL সার্টিফিকেট ক্রয় এবং সার্ভার ভাড়ার জন্য বরাদ্দ প্রয়োজন। সভাপতি জানান, সফটওয়্যারগুলোর রক্ষণাবেক্ষণের জন্য মোট কত টাকা লাগবে তা নিরুপণ করে মৎস্য অধিদপ্তরের পরিচালন খাতে বরাদ্দ রাখার ব্যবস্থা করা যেতে পারে। | সফটওয়্যারগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ SSL সার্টিফিকেট ক্রয় এবং সার্ভার ভাড়ার জন্য প্রয়োজনীয় অর্থ মৎস্য অধিদপ্তরের পরিচালন বাজেট হতে ব্যয় করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সামুদ্রিক / আইসিটি শাখা |
| ৩.৮ | Naf MPA Management Plan, and Implementation facilitation of Nijhum Dwip MPA Management Plan | সাবেক উপপ্রকল্প পরিচালক (প্রশাসন) জানান যে, Naf MPA Management Plan অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ক) Naf MPA Management Plan অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বাজেট ও অর্থ/আইসিটি শাখা |

CamScanner

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | খ) ম্যানেজম্যান্ট প্ল্যান অনুমোদনের পর তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ৩.৯ | Shrimp Cluster | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের আওতায় ৩৫০ টি চিংড়ি ক্লাস্টার গঠন করে ব্যবসায়িক পরিকল্পনার মাধ্যমে অনুদান প্রদান করে চিংড়ি উৎপাদন কার্যক্রম পরিচালনা করা হয়। প্রকল্প শেষে চিংড়ি ক্লাস্টার চলমান রাখার জন্য প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময় সফরসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এ বিষয়ে উপপরিচালক (পরিকল্পনা) জানান, ক্লাস্টারগুলোর কার্যক্রম চলমান রাখার জন্য প্রস্তাবিত প্রকল্পে একটি কম্পোনেন্ট হিসেবে ক্লাস্টারের কার্যক্রম রাখা হয়েছে। | ক) মৎস্য অধিদপ্তরের প্রশিক্ষণ ও কর্মশালা খাতে বরাদ্দকৃত অর্থ হতে চিংড়ি ক্লাস্টারগুলোতে প্রশিক্ষণ ও কর্মশালারর আয়োজন করতে হবে।<br><br>খ) প্রস্তাবিত প্রকল্পটি অনুমোদনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা/ বাজেট ও অর্থ/ প্রশিক্ষণ শাখা |
| ৩.১০ | Mariculture Action Research | সভাপতি জানান যে, প্রকল্পের আওতায় যে ৬৩ টি প্রায়োগিক গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়েছে সেগুলো অধিদপ্তর পর্যায়ে কর্মশালার মাধ্যমে সবাইকে অবহিত করে পরবর্তী করণীয় নির্ধারণ করা যেতে পারে। এছাড়াও প্রকল্পের মাধ্যমে যে সকল বিএমসি প্রতিষ্ঠা করা হয়েছে সেগুলো নিয়মিত মনিটরিং করতে হবে। | ক) কর্মশালা আয়োজন করে প্রায়োগিক গবেষণাগুলোর ফলাফল উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) প্রকল্পের আওতায় নতুন করে প্রতিষ্ঠিত বিএমসি গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। | বাস্তবায়ন/ প্রশিক্ষণ/মৎস্য চাষ/ চিংড়ি শাখা |
| ৩.১১ | SPF BMC, Hatcheries and Nurseries | | | |
| ৩.১২ | Infrastructure Development of BFDC Chattogram: Fish Port, Auction Centre with Training Facilities, Water Treatment Plant, Deep Tubewell, ETP, Electrical Sub-station, Complete firefighting system, Fork Lift | সভাপতি জানান যে, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ও মেরিন ফিশারিজ একাডেমির জন্য যেগুলো নির্মান ও সংস্কার করা হয়েছে তা হস্তান্তরের পরে স্ব স্ব প্রতিষ্ঠান তাদের আইন অনুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | - | - |
| ৩.১৩ | Fire Fighting Simulator | | | |
| ৩.১৪ | PCR Laboratory (3 nos.) | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের আওতায় নির্মিত ১১টি ল্যাবরেটরিতে প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কেমিক্যাল সরবরাহ করা হয়েছে। তিনি আরো জানান যে, সরবরাহকৃত কেমিক্যাল সমূহের একটি নির্দিষ্ট মেয়াদ থাকায় তা | ক) ল্যাবরেটরিতে সরবরাহকৃত কেমিক্যালসমূহ চলমান ল্যাবরেটরিগুলোতে ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ /প্রশাসন/ বাস্তবায়ন/ বাজেট ও অর্থ |
| ৩.১৫ | Fish Quarantine Laboratory (4 nos.) | | | |
| ৩.১৬ | Reference Fish Quarantine Laboratory | | | |

CamScanner

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | Fish Health Diagnostic Laboratory (3 nos.) | ব্যবহার করা প্রয়োজন। উপপরিচালক (মৎস্যচাষ) বলেন, ল্যাবরেটরিসমূহ অতি দ্রুত চালু না করতে পারলে অধিকাংশ কেমিক্যালের মেয়াদ শেষ হয়ে যাবে। তিনি ল্যাবগুলোকে কোয়ালিটি কন্ট্রোল এর অধীনে ন্যাস্ত করার অনুরোধ করেন। সভাপতি ল্যাবরেটরিসমূহের কেমিক্যাল মৎস্য অধিদপ্তরের নিয়মিত ল্যাবরেটরিতে ব্যবহারের অনুমতির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | খ) অর্গানোগ্রামে নতুন নির্মিত ল্যাবরেটরির জন্য জনবলের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>গ) আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের জন্য প্রস্তাব দ্রুত অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>ঘ) সংশ্লিষ্ট জেলা গুলোতে শ্রমিক মজুরি খাতে বরাদ্দ প্রদান করতে হবে। | |
| ৩.১৭ | Fish Landing Station/Fish Market (5 nos.) | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের আওতায় নির্মিত মৎস্য ল্যান্ডিং স্টেশন ও মার্কেট সমূহে মৎস্য অধিদপ্তরে কর্মকর্তাগণের জন্য একটি কক্ষ রাখা হয়েছে। | ক) নির্মিত মৎস্য ল্যান্ডিং স্টেশন ও মার্কেট সমূহ নিয়মিতভাবে পরিদর্শন করতে হবে। | ফিল্ড সার্ভিস শাখা |
| ৩.১৮ | Salinization Mapping | সভাপতি প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত Salinization Mapping ডকুমেন্টসটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে দিতে হবে যেন সবাই এটি দেখতে পারে। | ক) Salinization Mapping ডকুমেন্টসটি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br><br>খ) Salinization Mapping ডকুমেন্টসটি ব্যবহার করে প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | আইসিটি/ পরিকল্পনা শাখা |
| ৩.১৯ | Development of Chakaria Govt Shrimp Estate | উপপরিচালক, চিংড়িচাষ সম্প্রসারণ অঞ্চল জানান, উন্নয়নকৃত অবকাঠামোগুলো সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। তিনি আরো জানান যে, পেরিফেরিয়াল ডাইকে রোপনকৃত গাছ মারা যাওয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট আরণ্যক ফাউন্ডেশন কে অবহিত করা হয়েছে। তারা পুনরায় গাছগুলো রোপন করে দিবে মর্মে জানিয়েছে। উপপরিচালক (চিংড়ি) জানান, চকোরিয়া চিংড়ি স্টেটে পুলিশ ফাঁড়ি প্রতিষ্ঠার জন্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। তিনি আরো জানান যে, চকোরিয়ায় উন্নয়নকৃত অবকাঠামোকৃত কার্যক্রমগুলো ভালোভাবে বুঝে নিতে হবে। | ক) উন্নয়নকৃত অবকাঠামোসমূহ সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে।<br><br>খ) অধিদপ্তর হতে গঠিত কমিটির মাধ্যমে উন্নয়নকৃত অবকাঠামোকৃত কার্যক্রমগুলো ভালোভাবে বুঝে নিতে হবে।<br><br>গ) আরণ্যক ফাউন্ডেশনের মাধ্যমে পুনরায় গাছগুলো রোপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঘ) চকোরিয়া চিংড়ি স্টেটে পুলিশ ফাঁড়ি প্রতিষ্ঠার জন্য পুনরায় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাস্তবায়ন / উপপরিচালক, চিংড়িচাষ সম্প্রসারণ অঞ্চল/ চিংড়ি শাখা |
| ৩.২০ | Reconstruction of Embankment/Peripheral Dyke, Renovation & Drainage Canal Excavation | | | |
| ৩.২১ | Repair and Renovation of Existing Sluice Gate, construction of Guard Shed, Electrification | | | |
| ৩.২২ | Plantation on Embankment at 10 Acre, 11 Acres & 48 Acre Shrimp Estates | | | |
| ৩.২৩ | Office, Store House (2 Storied Building) and Security Shed | | | |

CamScanner

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.২৪ | 4 Nursery and 13 Grow out Ponds, Pond Inlet- Outlet system, Aerator at 48 acres, shrimp demonstration farm | | | |
| ৩.২৫ | Establishment of Shrimp Hatchery, Charfesson, Bhola | সভাপতি জানান, চিংড়ি হ্যাচারিতে জনবল পদায়নসহ সচল করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক) চিংড়ি হ্যাচারিতে জনবল পদায়নসহ সচল করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন / চিংড়ি শাখা |
| ৩.২৬ | Chakaria Shrimp City Master Plan | সভাপতি জানান যে, চকোরিয়ার শ্রীম্প সিটির জন্য তৈরিকৃত মাস্টারপ্ল্যান অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। মাস্টারপ্ল্যানের কপি অধিদপ্তরের ওয়েসাইটে প্রকাশসহ সকলকে অবহিত করতে হবে। | ক) মাস্টারপ্ল্যান অনুযায়ী প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) মাস্টারপ্ল্যানের কপি অধিদপ্তরের ওয়েসাইটে প্রকাশ করতে হবে। | পরিকল্পনা /আইসিটি শাখা |
| ৩.২৭ | Marine Fisheries Office | সভাপতি জানান যে, সামুদ্রিক মৎস্য দপ্তর স্থানান্তর হবার পর সবাইকে অফিসের আশেপাশে থাকার চেষ্টা করতে হবে। | ক) সামুদ্রিক মৎস্য দপ্তর নতুন ভবনে স্থানান্তর করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সামুদ্রিক মৎস্য দপ্তর/প্রশাসন শাখা |
| ৩.২৮ | Sea Bass/ mullet development and demonstration (D&D) centre at Kolatali & Teknaf, Cox's Bazar | সভাপতি জানান, সিবাস হ্যাচারিতে জনবল পদায়নসহ সচল করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক) সিবাস হ্যাচারিতে জনবল পদায়নসহ সচল করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন / সামুদ্রিক শাখা |
| ৩.২৯ | Access to Finance | সাবেক উপপ্রকল্প পরিচালক (অর্থ) জানান যে, প্রকল্পের মাধ্যমে যে পরিমাণ অর্থ মাঠ পর্যায়ে ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে তা আদায়পূর্বক মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের হিসাবে রাখা হয়েছে। জমাকৃত অর্থ যথাযথ ব্যবহার করার জন্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | ক) জমাকৃত অর্থের বিষয়ে মন্ত্রণালয় হতে অনুমতি গ্রহণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) প্রকল্পের মাধ্যমে যে ঋণ পলিসিগুলো তৈরি করা হয়েছে তা বাস্তবায়নের অনুরোধ জানিয়ে বাংলাদেশ ব্যাংককে অনুরোধ করতে হবে। | বাজেট ও অর্থ /পরিকল্পনা শাখা |
| ৩.৩০ | Fish Post-harvest Service Centre (PHSC) | সাবেক উপপ্রকল্প পরিচালক (ক্রয়) জানান যে, প্রকল্পের আওতায় নির্মিত পোষ্ট হার্ভিস সেন্টার গুলোতে মৎস্য অধিদপ্তরে কর্মকর্তাগণের জন্য একটি কক্ষ রাখা হয়েছে। | ক) নির্মিত পোষ্ট হার্ভেস্ট সেন্টারগুলোতে নিয়মিতভাবে পরিদর্শন করতে হবে। | ফিল্ড সার্ভিস শাখা |

CamScanner

| ক্র নং | আইটেম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৩১ | FVO (450) activities with 5 Types of Funds | জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা বলেন, মৎস্য গ্রাম পরিচালনার যে নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে তা সংশোধন করা প্রয়োজন। উপপরিচালক, চট্টগ্রাম বিভাগ জানান, উপজেলা পর্যায়ে SDF এর কার্যক্রম হস্তান্তর করা হলেও বিভাগ পর্যায়ে অদ্যাবধি হস্তান্তর করা হয়নি। | ক) ০৩ বিভাগে SDF এর কর্মকতাগণের উপস্থিতিতে আলাদাভাবে কর্মশালা করে নির্দেশিকা সংশোধন করতে হবে।<br><br>ক) SDF এর কার্যক্রম হস্তান্তর করার জন্য SDF কে অনুরোধ করতে হবে। | বাস্তবায়ন/ প্রশিক্ষণ শাখা |
| ৩.৩২ | বিবিধ | সভাপতি জানান এ বিষয়ে প্রতিবেদন প্রণয়নসহ মন্ত্রণালয়ে সাথে সমন্বয় করার জন্য বাস্তবায়ন/ সেবা ও সরবরাহ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) মন্ত্রণালয়ে প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সেবা ও সরবরাহ/ বাস্তবায়ন শাখা |

৪.০। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

26/02/2025

(ড. মোঃ আবদুর রউফ)
মহাপরিচালক
ফোন:০২-২২৩৩৮২৮৬১
ইমেইল:dg@fisheries.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে প্রণীত নয়):

স্মারক নং ৩৩.০২.০০০০.০০০.১১২.৪৮.০০০৭.২৪.৮৭ তারিখ:২৬/০২/২০২৫খ্রি.

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অভ্যন্তরীণ মৎস্য/ ব্লু-ইকোনমি/বাজেট ও অর্থ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ/ মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. পরিচালক (সামুদ্রিক/সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট), আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪. পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল বিভাগ।
৫. উপপরিচালক (প্রশাসন/ বাস্তবায়ন/ পরিকল্পনা/ ব্লু-ইকোনমি/ বাজেট ও অর্থ/ মৎস্য সম্পদ সংরক্ষণ /ফিল্ড সার্ভিস/মৎস্য সম্পদ জরিপ/মৎস্যচাষ/ সম্প্রসারন/ চিংড়ি, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৭. উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৮. কোয়ালিটি এ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৯. উপপরিচালক (সেবা ও সরবরাহ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ।
১০. উপপরিচালক, চিংড়িচাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার।
১১. প্রকল্প পরিচালক, ফিশারীজ লাইভলিহুড এনহ্যান্সমেন্ট প্রজেক্ট ইন কোস্টাল এরিয়া অব দিবে অফ বেঙ্গল, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন,রমনা, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, গভীর সমুদ্রে টুনা ও সমজাতীয় পেলাজিক মাছ আহরণে পাইলট প্রকল্প (২য় সংশোধিত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমন, ঢাকা।
১৩. জেলা মৎস্য কর্মকর্তা (গোপালগঞ্জ/ খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ চট্টগ্রাম/ কক্সবাজার/ নোয়াখালি/ ফেনী/ লক্ষ্মীপুর/ বরিশাল /ঝালকাঠি/বরগুনা/ পিরোজপুর/ পটুয়াখালী/ ভোলা।
১৪. সাবেক উপ প্রকল্প পরিচালক (সকল), সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প (SCMFP) (২য় সংশোধিত)।

CamScanner

১৫. সহকারী পরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট ও অর্থ/বাস্তবায়ন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৬. গবেষণা কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৭. মহাপরিচালকের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
১৮. সংশ্লিষ্ট নথি।

২৬/০৩/২০২৮

সরকার আনোয়ারুল কবীর আহমেদ
উপপরিচালক